ভোরের কাগজ

OCT. 24 1999

তারিখ ... OCT 25 1999 ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৫ ...

283/8 277

# স্পিকারের আশ্বাস অনুযায়ী অর্থ মেলেনি, শা.বি. কর্তৃপক্ষ বিপাকে

রাশিদুল ইসলাম সোহাগ, শা.বি. থেকে : স্পিকার হুমায়ুন রশীদ চৌধুরীর আশ্বাস অনুযায়ী অর্থ বরাদ্দ না পেয়ে বিপদে পড়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আশ্বাসের ২ বছর পরেও আশ্বাসকৃত অর্থ বরাদ্দ না পেয়ে মুখ থুবড়ে পড়ে রয়েছে তিনটি নির্মাণ প্রকল্প।

জানা যায়, '৯৭ সালের ১৩ নভেম্বর তৎকালীন ছাত্র সংসদ শাকসুর অভিষেক অনুষ্ঠানে স্পিকার হুমায়ুন রশীদ চৌধুরী ছিলেন প্রধান অতিথি। সঙ্গে বিশেষ অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর সংসদ বিষয়ক উপদেষ্টা সুরঞ্জিত সেনগুপ্ত, সাংসদ নূরুল ইসলাম নাহিদ, সুলতান মোঃ মনসুর আহমেদ এবং অন্যান্য স্থানীয় আওয়ামী লীগ, ছাত্রলীগ নেতৃবৃন্দ। ঐদিন স্পিকার হুমায়ুন রশীদ চৌধুরী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার এবং মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং শিগগিরই এ দুটি প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের আশ্বাস দেন। সঙ্গে তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সাড়ে ৫ কোটি টাকা ব্যয়ে নির্মিতব্য বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামের নকশা চূড়ান্ত করতে নির্দেশ দেন।

পরে ৩৫ লক্ষাধিক টাকা ব্যয়ে নকশা চূড়ান্ত করে স্পিকারের সঙ্গে যোগাযোগ করেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনোরূপ সাড়া পাননি। এমনকি ভিত্তিপ্রস্তর স্থাপনকৃত শহীদ মিনার ও মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধের জন্যও প্রয়োজনীয় অর্থ পাওয়া যায়নি।

এদিকে, স্পিকারের প্রতিশ্রুতিকে 'হাওয়ায় উড়িয়ে দিয়ে' ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নিজস্ব তহবিল ব্যয় করে শহীদ মিনার ও মুক্তিযুদ্ধের স্মৃতিসৌধ স্থাপনের জন্য চাপ দিচ্ছে। ছাত্রছাত্রীদের দাবির মুখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও আশ্বাসের বাণী শুনিয়ে যাচ্ছে কিন্তু আসল কাজে অগ্রগতি হচ্ছে না কিছুই।